গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নম্বর ৩৭.০০.০০০০.০৬২.৯৯.০০১.১৭.৪১৮

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৭
২৯ সেপ্টেম্বর ২০২০

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহহিতকরণের লক্ষ্যে অদ্য ২৯/০৯/২০২০ তারিখে এ বিভাগের উপসচিব (প্রশাসন) জনাব মো: আব্দুল্লাহ আল মামুন-এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণী ০১(এক) পাতা।

২৯-৯-২০২০
মোঃ শামসুল আলম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫৮৫৫১
ইমেইল:
as.admin2@moedu.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:
১) অতিরিক্ত সচিব , প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) উপসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৪) জনসংযোগ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।
৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৭) খান খলিলুর রহমান, উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা, ।
৮) সিনিয়র সহকারী সচিব, সেবা শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৯) জনাব মো: আনোয়ারুল আউয়াল খান, সহকারী পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, ।
১০) জনাব কামরুন নাহার, সহকারী পরিচালক/তথ্য কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, ।
১১) প্রশাসনিক কর্মকর্তা, সেবা (স্টোর), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১২) প্রশাসনিক কর্মকর্তা, সেবা শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১৩) জনাব মো: নাজিম উদ্দিন, আর মেশিন সার্ভিসিং অপারেটর, পল্টন, ঢাকা, ।

১৪) জনাব মো: রফিকুল ইসলাম, শাকিল এন্টার প্রাইজ, পল্টন, ঢাকা, ।

১৫) জনাব মো:শাহজাহান, সামস কে ট্রেডিং কর্পোরেশন, পল্টন, ঢাকা, ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
www.shed.gov.bd

বিষয় : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিকরণ সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: আব্দুল্লাহ আল মামুন, উপসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
সভার তারিখ ও সময় : ২৯.০৯.২০২০ খ্রিস্টাব্দ, বেলা ১১:০০টা
সভার স্থান : সভাকক্ষ (কক্ষ নং-১৮১৫, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

সভায় উপস্থিতি: 'পরিশিষ্ট-ক'-তে সংযুক্ত ।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে তাদের সেবা সংক্রান্ত তথ্য তুলে ধরার জন্য আহ্বান জানান।

৩.০ সভার শুরুতে জনাব মো: নাজিম উদ্দিন, আর মেশিন সার্ভিসিং অপারেটর জানান যে, তার সেবা প্রদান করার জন্য সচিবালয়ে প্রবেশে অসুবিধা হয় এবং পানির ফিল্টারে যেসকল পাইপ আছে তা ইদুর কেটে ফেলে তাই পরিবর্তন করে মোটা ধরণের পাইপ সংযোগের পরামর্শ প্রদান করেন। সভায় উপস্থিত অন্য এক সদস্য জানান যে, সেবা প্রদানের জন্য তার সচিবালয়ে প্রবেশে অসুবিধা হচ্ছে। তাই সেবা প্রদান করতে সচিবালয়ে প্রবেশের জন্য প্রবেশ পাশের ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। এছাড়া সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ এ বিভাগের সেবা শাখার কর্মকান্ডে সন্তোষ প্রকাশ করেন।

৪.০ বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

৪.১ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন মালামাল সরবরাহকারী প্রতিষ্ঠানের সেবা প্রদানের সুবিধার্থে সচিবালয়ে প্রবেশের জন্য প্রবেশ পাশের বিষয়ে প্রচেষ্টা নেয়া হবে; এবং

৪.২ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পানির ফিল্টারে নতুন মোটা ধরণের পাইপ সংযোগের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫.০ আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/৯/২

(মো: আব্দুল্লাহ আল মামুন)
উপসচিব (প্রশাসন)